

তারিখ	.....
পৃষ্ঠা	.....
কলাম	.....

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

### ছাত্রের আত্মহত্যা

কাগজ প্রতিবেদক : খিলগাঁও থানা পুলিশ গতকাল শুক্রবার সন্ধ্যায় তারাবাগ এলাকার এক বাড়িতে ঘরের দরজা ভেঙে আলফেড প্রকাশ বৈরাগী ওরফে অক্ষয় (২৫) নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের লাশ উদ্ধার করেছে।

পুলিশ জানায়, গতকাল দুপুরে অক্ষয় তাদের ১৫১/২/২০ নম্বর বাসায় অতিরিক্ত ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যা করে। জানালা দিয়ে ঘরের মেঝেতে অক্ষয়কে পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে ঐ ঘরের দরজা ভেঙে লাশ উদ্ধার করে। পুলিশ মৃতদেহের শার্টের পকেট থেকে একটি চিরকুট উদ্ধার করে। ঐ চিরকুটে লেখা ছিল, তীব্র বৃকের ব্যথা সহ্য করতে না পেরে ঘুমের ওষুধ খেয়ে আত্মহত্যা করলাম।

অক্ষয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের (সম্মান) ছাত্র ছিল বলে পুলিশ জানায়।

০  
৫  
৩  
৬  
ব  
০  
৬  
জ  
নি  
ক